

প্রথম আলো

27 NOV 2013

৪

জাকসু নির্বাচন স্থগিত অবরোধ চলছেই

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের
প্রতিনিধি ●

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনের মনোনয়নপত্র ১ ডিসেম্বর জমা নেওয়ার পর নির্বাচনসংক্রান্ত কার্যক্রম স্থগিত থাকবে। দশম জাতীয় সংসদ নির্বাচনের পর জাকসু নির্বাচনের আয়োজন করা হবে। গতকাল মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৩ ও ২৬ নভেম্বর জাকসু নির্বাচন কমিশনের সভায় দুটি সিদ্ধান্ত নেওয়া হয়। এগুলো হলো কমিশন জাতীয় সংসদ নির্বাচনের পর জাকসু নির্বাচনের পরিবর্তিত তারিখ ঘোষণা করতে উপচার্যকে অনুরোধ করবে। এ ছাড়া নির্বাচনে এমফিল ও পিএইচডি'র শিক্ষার্থীদের প্রার্থিতার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টার পরামর্শ না পাওয়া পর্যন্ত নির্বাচনসংক্রান্ত কার্যক্রম স্থগিত থাকবে। কারণ হিসেবে বলা হয়, গত সোমবার সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করায় জাকসু নির্বাচন কমিশন মনে করছে, সংসদ নির্বাচনের আগে জাকসু নির্বাচনের আয়োজন করা কিছুটা সমস্যা হতে পারে।

এদিকে বিভিন্ন ছাত্রসংগঠনের সদস্য ও সাধারণ ছাত্রদের অনেকে নির্বাচনে এমফিল ও পিএইচডি'র শিক্ষার্থীদের প্রার্থিতার অনুমতি নেওয়ার আপত্তি করেছেন। তাই বিষয়টির আইনগত ব্যাখ্যা প্রয়োজন। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টার পরামর্শ নেওয়ার জন্য রেজিস্ট্রারকে চিঠি দেওয়া হয়েছে। গতকাল মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিনেও ছাত্রলীগ

জাকসু নির্বাচন
কমিশন মনে করছে,
সংসদ নির্বাচনের
আগে জাকসু
নির্বাচনের আয়োজন
করা কিছুটা সমস্যা
হতে পারে

মনোনয়নপত্র নেয়নি। বেলা দুইটা পর্যন্ত ৪২৫টি মনোনয়নপত্র বিতরণ করা হয়।

সময় শেষ হওয়ার পর কোনো মনোনয়নপত্র বিতরণ করা হবে কি না, জানতে চাইলে প্রধান নির্বাচন কমিশনার এ কে এম শাহনাওয়ারা বলেন, এখন আর বিতরণ করা হবে না। এ বিষয়ে পরে সিদ্ধান্ত নেওয়া হবে।

অবরোধ দুই সহ-উপচার্য:
গতকাল দুপুরে প্রশাসনিক ভবনে গিয়ে দেখা যায়, উপচার্যের কক্ষে দুই সহ-উপচার্য দুপুরের খাবারের প্রস্তুতি

নিচ্ছেন। গতকালও অসুস্থ ছিলেন সহ-উপচার্য (প্রশাসন) আফসার আহমদ। শারীরিকভাবে অসুস্থবোধ করছেন বলে জানান উপচার্যের দায়িত্বে থাকা সহ-উপচার্য (শিক্ষা) এম এ মতিন। তাঁরা জানান, গত রোববার সকালে উপচার্য মো. আনোয়ার হোসেনের কাছে আন্দোলনকারী শিক্ষকদের দাবি পাঠালেও তিনি এখনো কিছু জানাননি।

শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরামের সদস্যসচিব মুহাম্মদ কামরুল আহসান বলেন, দাবি পূরণ না হওয়া পর্যন্ত অবরোধ অব্যাহত থাকবে। তবে কেউ অসুস্থ হয়ে পড়লে যেকোনো সময় চলে যেতে পারেন।

তবে কোনো শর্ত যেন অবরোধ মুক্ত হওয়ার ব্যাপারে অস্বীকৃতি জানিয়েছেন দুই সহ-উপচার্য।

এদিকে বিশ্ববিদ্যালয়ের চলমান সংকট নিরসনে রাষ্ট্রপতির হস্তক্ষেপ চেয়ে গতকাল সন্ধ্যা সাতটায় মৌন মিছিল ও সমাবেশ করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিবার-এর বানারের শিক্ষক-শিক্ষার্থীরা।